

## জাতিসংঘ পুরস্কার জিতেছে সাদেক সাব্বির

মোবাইল ফোনে স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র বানিয়ে জাতিসংঘের উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) আওতায় পুরস্কার জিতেছেন বাংলাদেশের সাদেক সাব্বির। ইউএনডিপি আয়োজিত 'অ্যান্ড জেন্ডার বেসড ভায়োলেন্স থ্রো ইওর লেন্স' শীর্ষক মোবাইল ফিল্ম প্রতিযোগিতায় 'সাইড বাই সাইড' নামের ছয় মিনিটের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র বানিয়ে এ পুরস্কার জিতেছেন তিনি। এই চলচ্চিত্রে অভিনয় করেছেন ইমতিয়াজ বর্ষণ, নিশাত প্রিয়ম, শাহানা শিল্পী ও শিশুশিল্পী সাফরিন হক ইনায়া।

## গৌতম ঘোষ আবারও বাংলাদেশে সিনেমা নির্মাণে

কলকাতার প্রখ্যাত চলচ্চিত্রকার গৌতম ঘোষ বাংলাদেশে কিছু চলচ্চিত্র নির্মাণ করেছেন। ১৯৯২ সালে গৌতম ঘোষ বানিয়েছিলেন 'পদ্মা নদীর মাঝি' এরপর ২০১০ সালে মুক্তি পায় তার নির্দেশিত 'মনের মানুষ' সিনেমা। বাউল সাধক লালন সাঁইয়ের জীবনী নিয়ে নির্মিত হয়েছিল সিনেমাটি। সর্বশেষ ২০১৫ সালে বাংলাদেশে মুক্তি পায় গৌতম ঘোষের 'শঙ্খচিল'। দীর্ঘ বিরতির পর আবারও বাংলাদেশে সিনেমা নির্মাণ করতে যাচ্ছেন গৌতম ঘোষ।







## নির্ঝরের লেখা ও সুরে ৫৪ শিল্পীর ৬৩ গান

স্থপতি ও চলচ্চিত্র নির্মাতা এনামুল করিম নির্ঝরের লেখা ও সুর করা ৬৩টি গানে কণ্ঠ দিয়েছেন ৫৪ জন শিল্পী। গানগুলো গেয়েছেন রেজওয়ানা চৌধুরী বন্যা, সুজিত মোস্তফা, কুমার বিশ্বজিৎ, বাপ্পা মজুমদার, ফাহমিদা নবী, সামিনা চৌধুরী, শফী মণ্ডল, শায়ান চৌধুরী অর্ণব, কোনাল, লুৎফর হাসান, অবন্তি সিঁথি, নবনীতা চৌধুরী, ফারহিন খান জয়িতা প্রমুখ। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের ধারাবাহিক আয়োজনে 'নয় বছরের বড়' শিরোনামের একটি উদ্যোগ নিয়েছেন এনামুল করিম নির্ঝর। ৬৩টি গানের সংকলন সাজানো হয়েছে ৯টি পর্বে। প্রতি পর্বে থাকবে ৭টি করে গান।

## গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ডসে চার বাংলাদেশি

গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ডসের ৮২তম আসরের ভোটিং প্যানেলে নির্বাচিত হয়েছেন চার বাংলাদেশি। তারা হলেন চলচ্চিত্র সমালোচক, চিত্রনাট্যকার সাদিয়া খালিদ রীতি, সাংবাদিক ও কনটেন্ট অফিসার আদর রহমান, সাংবাদিক জনি হক এবং সাংবাদিক মনজুরুল আলম। গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ডসে প্রাথমিকভাবে মনোনীত চলচ্চিত্রগুলো দেখে ভোট দেবেন এই প্যানেলের ভোটাররা। তাদের ভোটেই চূড়ান্তভাবে মনোনয়ন ও বিজয়ী নির্বাচিত হবে।



## ২৬ চলচ্চিত্রে ১৫ কোটি টাকা অনুদান

২০২৩-২০২৪ অর্থবছরের জন্য চলচ্চিত্রে সরকারি অনুদান প্রাপ্তদের নাম ঘোষণা করেছে তথ্য মন্ত্রণালয়। এবার পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে ২০ জনকে ১৪ কোটি টাকা অনুদান দেওয়া হয়েছে। ২০টি চলচ্চিত্রের মধ্যে ১৬টি চলচ্চিত্রের প্রতিটি অনুদান হিসেবে পাচ্ছে ৭৫ লাখ টাকা করে, আর বাকি ৪টি চলচ্চিত্রকে দেওয়া হয়েছে ৫০ লাখ টাকা করে। এই চারটির মধ্যে দুটি শিশুতোষ এবং দুটি প্রামাণ্যচিত্র শাখা। এবার স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে ৬ জনকে ১ কোটি ২০ লাখ টাকা অনুদান দেওয়া হয়েছে।





## বলিউড সিরিজে আরিফিনের সঙ্গে সৌরসেনী

ভারতীয় চিত্রনাট্যকার ও নির্মাতা সৌমিক সেন সিরিজ নির্মাণ করবেন বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে। এই সিরিজের কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করবেন আরিফিন শুভ। বলিউডের এই সিরিজে শুভর সঙ্গে জুটি বাঁধবেন সৌরসেনী মৈত্র। সৌমিক সেনের চিত্রনাট্যে গত বছর মুক্তি পেয়েছিল ‘জুবিলি’ ওয়েব সিরিজ।

## প্রথমবার একসঙ্গে গাইলেন সোনু নিগম ও অরিজিৎ সিং

সৃজিত মুখোপাধ্যায় পরিচালিত, পরিচালক মৃণাল সেনের বায়োপিক ‘পদাতিক’ এ ‘তু জিন্দা হ্যায়’-তে প্রথমবার জুটি বেঁধেছেন দুই গায়ক, অরিজিৎ সিং এবং সোনু নিগম। গানটি ইন্ডিয়ান পিউপিলস থিয়েটার অ্যাসোসিয়েশনের জন্য লিখেছিলেন শৈলেন্দ্র এবং কম্পোজ করেছিলেন সলিল চৌধুরী। সেই গান প্রথমবার ‘পদাতিক’-এর মাধ্যমে বড় পর্দায় তুলে আনতে চলেছেন পরিচালক।



## ৩ হাজার শিশুর অস্ত্রোপচারের ব্যবস্থা করলেন পলক মুচ্ছাল

ভারতীয় গায়িকা পলক মুচ্ছাল হিন্দি ছাড়াও বাংলা, তেলুগু, কন্নড়, তামিল, মারাঠি, গুজরাটি, পাঞ্জাবি, ভোজপুরি, উর্দুসহ অনেক ভাষায় গান গেয়েছেন। তার প্রতিটি কনসার্টে ভিড় করেন অনুরাগীরা। অনেকেই হয়তো জানেন না, এসব কনসার্ট থেকে পাওয়া অর্থ তিনি খরচ করেন সমাজসেবামূলক কাজে। ‘সেভিং লিটল হার্টস’ নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থা আছে পলক মুচ্ছালের। এই সংস্থা থেকে হৃদ্‌রোগে আক্রান্ত শিশুদের অস্ত্রোপচারের ব্যবস্থা করেন পলক। ১১ জুন ছিল গায়িকার জীবনের অন্যতম স্মরণীয় দিন। ইনস্টাগ্রামে এদিন আট বছর বয়সী অলক সাহুকে নিয়ে একটি পোস্ট করেন পলক। শিশুটি হৃদ্‌রোগে আক্রান্ত। এদিন সফলভাবে তার অস্ত্রোপচার হয়। বরাবরের মতো অপারেশন থিয়েটারে হাজির ছিলেন গায়িকা। পলক মুচ্ছাল জানান, অলকের এই অস্ত্রোপচারের মাধ্যমে একটি মাইলফলক অর্জিত হলো।





## টালিউড সিনেমায় তারিন জাহান

শোবিজে প্রায় চার দশক ধরে বিচরণ তারিন জাহানের। ছোট পর্দায় দাপটের সঙ্গে অভিনয় করলেও বড় পর্দা থেকে অনেকটা দূরেই ছিলেন তিনি। চলতি বছরের এপ্রিলে পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহে মুক্তি পায় তারিন অভিনীত প্রথম টালিউড সিনেমা ‘এটা আমাদের গল্প’। একই পরিচালকের ‘৫ নম্বর স্বপ্নময় লেন’ সিনেমায় অভিনয় করবেন তারিন জাহান।



## তাহসান খান অসুস্থ

কণ্ঠনালীর সমস্যায় ভুগছেন সংগীতশিল্পী ও অভিনেতা তাহসান খান। হেটেরোটোপিয়া নামক এক রোগ বাসা বেঁধেছে তার কণ্ঠনালীতে। ছয় বছর আগে এই রোগে আক্রান্ত হওয়ার পর থেকেই তিনি অনায়াসে গাইতেও পারেন না। যেটি মূলত ২০১৮ সাল থেকে শুরু হয়। এমনকি ভবিষ্যতে গান গাওয়া নিয়েও শঙ্কায় পড়তে হতে পারে জনপ্রিয় এই শিল্পীকে।

## কলকাতায় আজীবন সম্মাননা পেলেন আবুল হায়াত

কলকাতায় সংবর্ধনা পেলেন নির্মাতা, নাট্যকার ও অভিনেতা আবুল হায়াত। ৮ জুন বেঙ্গল ফিল্ম অ্যান্ড টেলিভিশন চেম্বার অব কমার্স আয়োজিত এক অনুষ্ঠানে 'নায়করাজ রাজ্জাক আজীবন সম্মাননা' দেওয়া হয় তাকে। পুরস্কার হিসেবে আবুল হায়াতের হাতে তুলে দেওয়া হয় উত্তরীয়, স্মারক, ফুলের তোড়া, সনদ এবং অর্থ।



## বিগ বস ওটিটিতে অনিল কাপুর

বিস বস ওটিটি থ্রিতে নতুন সঞ্চালক হিসেবে রয়েছেন ভারতীয় অভিনেতা অনিল কাপুর। ২১ জুন থেকে জিও সিনেমা প্রিমিয়ামে স্ট্রিমিং শুরু হয় শো'টি। ওটিটির প্রথম মৌসুম করন জোহর এবং দ্বিতীয় মৌসুম সালমান খান হোস্ট করেন। প্রথম মৌসুম ২০২১ সালে ওটিটি প্ল্যাটফর্ম ভুটে স্ট্রিমিং করা হয় এবং দ্বিতীয় মৌসুম ২০২৩ সালে জিও সিনেমাতে স্ট্রিমিং হয়।




## ঢাকাই সিনেমায় নায়ক মান্নার ছেলে

ঢাকাই সিনেমায় পা রাখছেন জনপ্রিয় প্রয়াত চিত্রনায়ক মান্নার একমাত্র সন্তান সিয়াম ইলতিমাস। যুক্তরাষ্ট্রে সিনেমা নির্মাণের ওপর পড়াশোনা করছেন মান্না-শেলী দম্পতির ছেলে। সিনেমা জগতে নাম লেখানোর ইচ্ছার কথা ফেসবুকে জানিয়েছেন মান্নাপুত্র নিজেই। তিনি জানিয়েছেন, বিনোদন জগতে নাম লেখাবেন এবং এ পথেই হাঁটবেন। তবে আপাতত অভিনয় নয়, ইচ্ছা অ্যাকশন সিনেমা পরিচালনা করার। তার ফেসবুক স্ট্যাটাস সূত্রে জানা যায়, ইন্তিসার আহমেদ নামে যুক্তরাষ্ট্রে তার এক বন্ধু আছেন, যাকে তিনি নিজের ভাই মনে করেন। তাকে নিয়েই তিনি সিনেমা বানাতে চান।



## ঢাকার ওয়েব সিরিজে শাশ্বত

টালিউডের গণ্ডি পেরিয়ে বলিউডেও নিয়মিত কাজ করছেন শাশ্বত চট্টোপাধ্যায়। অভিনয় করছেন দক্ষিণ ভারতের সিনেমাতেও। এবার শাশ্বতকে দেখা যাবে বাংলাদেশের ওয়েব সিরিজে। সিরিজের নাম 'গুলমোহর', পরিচালনা করবেন সৈয়দ আহমেদ শাওকী। এ সিরিজে শাশ্বতের অভিনয়ের বিষয়টি নিশ্চিত করেছেন নির্মাতা। গুলমোহর সিরিজের শুটিংয়ে অংশ নিতে বাংলাদেশে আসার অনুমতি দেওয়া হয়েছে শাশ্বত চট্টোপাধ্যায়কে। ২০ জুন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপসচিব সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে ২৫ জুন থেকে আগামী ৭ জুলাই পর্যন্ত সময়ের মধ্যে পাঁচ দিন বাংলাদেশে শুটিংয়ের অনুমতি দেওয়া হয়েছে শাশ্বতকে।



## মারা গেলেন 'আজ রবিবার' নির্মাতা

না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন নাট্যনির্মাতা ও প্রযোজক মনির হোসেন জীবন। ২৭ জুন রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ১৯৯০ সালে চাচা চলচ্চিত্র পরিচালক বদিউল আলম খোকনের হাত ধরে বাংলাদেশ চলচ্চিত্রে সহকারী পরিচালক হিসেবে কাজ শুরু করেন মনির হোসেন। হুমায়ূন আহমেদের 'নক্ষত্রের রাত' নাটকের প্রধান সহকারী পরিচালক হিসেবে কাজ করেন তিনি।

